

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রকল্প পরিচালনা ইন্সটিটিউট
 সাস্টেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট ইন
 বাংলাদেশ। প্রিপারেশন ফ্যাসিলিটি
 মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০

চুক্তিভিত্তিক কর্মচারি (Contractual Staff) নিয়োগ বিজ্ঞপ্তি


নং ৩৩.০২.০০০০.৯৪৮.০৭.০০৫.১৭-৪৬

তারিখ: ১১/১০/২০১৭ খ্রি.

মৎস্য অধিদপ্তরের আওতায় সাস্টেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট ইন বাংলাদেশ : প্রিপারেশন ফ্যাসিলিটি, মৎস্য ভবন, রমনা, ঢাকা-এর দপ্তরে প্রকল্পের মেয়াদকালের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদসমূহে চুক্তিভিত্তিক কর্মচারি (Contractual Staff) নিয়োগ করা হবে। অনুমোদিত প্রকল্প দলিল অনুযায়ী প্রকল্পের মেয়াদ ২০১৮ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত। Contractual Staff -গণ অনুমোদিত প্রকল্প দলিল অনুযায়ী নির্ধারিত বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

পদের বিবরণ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
অ্যাকাউন্ট্যান্ট পদের সংখ্যা: ০১ (এক)	অ্যাকাউন্টিং/ফিন্যান্স/ব্যবসায় প্রশাসন বিষয়ে মাস্টার ডিগ্রি। হিসাব রক্ষণ, ক্যাশ ব্যবস্থাপনা কাজে কমপক্ষে ৫-৭ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে (৩১ অক্টোবর ২০১৭ তারিখে)। উন্নয়ন প্রকল্পের হিসাব রক্ষণ কাজের অভিজ্ঞতা অগ্রগণ্য।
অফিস অ্যাসিস্ট্যান্ট-কাম-কম্পিউটার টাইপিষ্ট পদের সংখ্যা: ০২ (দুই)	যে কোনো বিষয়ে স্নাতক। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩-৫ বছরের কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে (৩১ অক্টোবর ২০১৭ তারিখে)। বাংলা ও ইংরেজি টাইপে প্রতি মিনিটে ২০ শব্দ টাইপ করার দক্ষতা অত্যাৱশ্যক।
ডাটা এন্ট্রি অপারেটর পদের সংখ্যা: ০২ (দুই)	কমপক্ষে এইচএসসি পাশ। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩-৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে (৩১ অক্টোবর ২০১৭ তারিখে)। বাংলা ও ইংরেজি টাইপে দক্ষতা অত্যাৱশ্যক।
অফিস সহায়ক পদের সংখ্যা: ০২ (দুই)	কমপক্ষে অস্টম শ্রেণি পাশ। সংশ্লিষ্ট কাজে ৩-৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে (৩১ অক্টোবর ২০১৭ তারিখে)।

- আবেদনকারীকে পদের নাম, নিজের নাম (বাংলা ও ইংরেজিতে), পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা, বর্তমান ও পত্র যোগাযোগের ঠিকানা (মোবাইল/টেলিফোন নম্বরসহ), জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতা (যদি থাকে), অভিজ্ঞতার বিবরণ, দুইজন বিশিষ্ট ব্যক্তির রেফারেন্স (টেলিফোন বা মোবাইল নম্বরসহ) উল্লেখপূর্বক সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবিসহ আবেদন করতে হবে। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, দায়িত্ব ও কর্তব্যের বিস্তারিত বিবরণ এবং আবেদনের নমুনা ছকসহ সংশ্লিষ্ট পদের কার্যপরিধি (TOR) মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইট (www.fisheries.gov.bd)-এ পাওয়া যাবে।
- প্রার্থীকে আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি যুক্ত করতে হবে। পদের সাথে সংশ্লিষ্ট আবশ্যিকীয় অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।
- প্রার্থীর বয়স ৩১ অক্টোবর ২০১৭ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ (আঠার) বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনোরূপ এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনকারীকে প্রকল্প পরিচালক, সাস্টেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট ইন বাংলাদেশ : প্রিপারেশন ফ্যাসিলিটি, মৎস্য অধিদপ্তর, কক্ষ নং ৩১৭, মৎস্য ভবন, ১৩ শহীদ ক্যাপটেন মনসুর আলী সরনি, রমনা, ঢাকা-১০০০ বরাবর আবেদন করতে হবে এবং বন্ধ খামের ওপর পদের নাম উল্লেখপূর্বক আবেদনপত্র সরাসরি বা ডাকডোপে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আগামী ৩১ অক্টোবর ২০১৭ তারিখ অফিস চলাকালীন (বিকাল ৫:০০ টা) সময়ের মধ্যে আবশ্যিকভাবে পৌঁছাতে হবে।
- নির্বাচন প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ যেকোন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।



(মোঃ আমিনুল ইসলাম)

প্রকল্প পরিচালক (অতি. দায়িত্ব)

সাস্টেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট

ইন বাংলাদেশ : প্রিপারেশন ফ্যাসিলিটি

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০

ই-মেইল: amindofbd@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো:

- সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক, ৪০ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫/বিজ্ঞাপন ম্যানেজার, The daily Independent, বেঙ্গিমকো মিডিয়া কমপ্লেক্স, ১৪৯-১৫০, তেজগাঁও I/A, ঢাকা-১২০৮ (বিজ্ঞপ্তি অংশটুকু আপনার পত্রিকায় স্বল্পপরিসরে একদিন মাত্র একবারের জন্য প্রকাশ করে পত্রিকার ৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- নোটিশ বোর্ড (সকল), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।